



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ০৯/ইংলিশ/

০৬০৬

তারিখ : ২১/১২/১৫

## রেজিস্ট্রেশন সার্টিফিকেট

প্রত্যয়ন করা যাচ্ছে, *SCHOLASTICA*, ঠিকানা- প্লট # ০২, রোড # ৮ ও ৯, সেক্টর # ১, উত্তরা মডেল টাউন, ঢাকা, “রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুল’স অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. xx of 1962)” প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বেসরকারি (ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০০৭ (এস.আর.ও. নং- ২৫৯-আইন/২০০৭)-এর ৬(১)নং বিধান অনুযায়ী রেজিস্ট্রেশন নবায়নের উপযুক্ত বিবেচিত হওয়ায় এতদ্বারা ০১/০১/২০১৫ হতে ৩১/১২/২০১৯ তারিখ পর্যন্ত মোট ৫ (পাঁচ) বছরের জন্য স্কুলটির রেজিস্ট্রেশন নবায়ন করা হলো। স্কুলটিকে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে, অন্যথায় এর রেজিস্ট্রেশন যে কোন সময় স্থগিত বা বাতিল করা যাবে

### শর্তসমূহ

- ১। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলে ('ও' এবং 'এ' লেভেল উভয় ক্ষেত্রের জন্যই) এবং সাধারণ তহবিলে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা স্থায়ী আমানত/সঞ্চয়পত্র হিসাবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভাঙ্গানো বা উত্তোলন করা যাবে না।
- ২। বিদ্যালয়ে শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে হবে এবং শিক্ষক-কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে প্রার্থী নির্বাচনের জন্য গঠিত বোর্ডে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের একজন প্রতিনিধি থাকবে।
- ৩। ১৯৯৯ সালের ৮ জুনের জারীকৃত অধ্যাদেশের ধারা ৪-এর উপধারা (৪) এর অধীনে কোন বেসরকারী স্কুলের রেজিস্ট্রেশনের আবেদন প্রত্যাখ্যাত হলে অথবা অধ্যাদেশের ধারা ৬-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট বা স্থগিত করা হলে উক্ত স্কুলের রেজিস্ট্রেশনের জন্য পুনরায় আবেদন করা যাবে।
- ৪। বিদ্যালয় শাখা/কলেজ শাখা/অডিট শাখা কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
- ৫। প্রতি ৫ বছর অন্তর ৮,০০০/- (আট হাজার) টাকা দিয়ে রেজিস্ট্রেশন নবায়ন করতে হবে।
- ৬। প্রতি আর্থিক বছরে আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে।
- ৭। সর্বনিম্ন ৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি থাকতে হবে। বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে। বোর্ড প্রতিনিধি/নমিনী থাকবে।
- ৮। ফলাফল মানসম্মত হতে হবে এবং বোর্ডের অনুমতি ব্যতীত ব্রাঞ্চ স্কুল খোলা যাবে না।
- ৯। আবাসিক এলাকা শিক্ষা প্রতিষ্ঠান হলে জেলা প্রশাসকের অনুমতি থাকতে হবে।
- ১০। ভাড়া বাড়িতে বিদ্যালয় প্রতিষ্ঠা করলে কমপক্ষে ৫ বছরের জন্য ভাড়ার চুক্তিনামা থাকতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ

*SCHOLASTICA*.

Plot # 02, Road # 8 & 9.

Sector # 1, Uttara Model Town, Dhaka.

মেমো নংঃ

০৬০৬/০৭

তারিখ :

২১/১২/১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক/প্রতিষ্ঠাতা, *SCHOLASTICA*,
- ৪। পিএস- টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।

০২.১২.১৫

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

০২/১২/১৫